

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৫৩.১৭.

তারিখ : ১০/২০১৮ খ্রিঃ।

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব শহীদুল ইসলাম, পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজের হিসাব রক্ষক পদে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে অর্পিত দায়িত্ব পালনে অনীহা ও বিনা অনুমতিতে প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকার বিষয়ে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) ধারা অনুযায়ী যথাক্রমে “অসদাচরন” (Misconduct) ও “পলায়ন” (Desertion) এর দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়।

- ১৮ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ জারী হওয়ায় উক্ত বিধিমালার ২৮ (খ) ধারা মোতাবেক বর্ণিত মামলার কার্যক্রম সদ্য জারীকৃত বিধিমালার আলোকে নিষ্পত্তির উদ্যোগ নেয়া হয়।
- প্রতিবেদন পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরন” (Misconduct) ও “পলায়ন” (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে।
- এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(৩)(ক) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় আপনাকে কেন নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ করা হবে না সে বিষয়ে ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিল করতে বলা হলো। আপনি জবাব প্রদানে ব্যর্থ হলে আপনার এ বিষয়ে কোন বক্তব্য নেই মর্মে বিবেচনা করা হবে।

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের কপি - ০১ সেট।

স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক:

জনাব শহীদুল ইসলাম
হিসাব রক্ষক
পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ, পঞ্চগড়।

স্থায়ী ঠিকানা:
গ্রাম: বান্দাবাড়ী, ডাকঘর: বান্দাবাড়ী, উপজেলা: কোটালী পাড়া
জেলা: গোপালগঞ্জ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৫৩.১৭. ৬৭৪ (৪)

তারিখ : ১০ /২০১৮ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ, পঞ্চগড়।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ সাজজাদ মুফতী)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।